শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।

জুলাই/২০২০মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

তারিখ ঃ ২৬-০৭-২০২০ সময় ঃ বেলা-১২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ তাহিরপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত, অনুপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"তে স্বাক্ষরের ক্রমানুসারে প্রদর্শিত হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলার পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান যে,মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন মিশন গড়ার লক্ষ্যে একচল্লিশ সালের ভিতর সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের প্রতি সহযোগিতা চান এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্য সুচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচনা** ঃ বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধনী / সংযোজনী / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে সংশোধনী / সংযোজনী / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল।

**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার, প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সমগ্র বিশ্বে মহামারী কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমক প্রতিরোধে মেডিকেল টিম গঠন করা হয়েছে বর্তমানে তাদের কার্যক্রম পরিচালনা চলছে। করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে জনসাধারণকে বিভিন্ন ভাবে সচেতন করা হচ্ছে। বর্তমান পরিস্থিতিতে উপজেলা কমপ্লেক্সে আগত রোগীদের সামাজিক দুরত্ব/স্বাস্থ্য বিধি মেনে চিকিৎসা প্রদান করা হচ্ছে, কভিড-১৯,এর নমুনা সংগ্রহ করা হচ্ছে তাছাড়া নমুনার ফলাফল আসা মাত্রই সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর, উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, যথাযথ ভাবে উপজেলা কমপ্লেক্সে আসা রোগীদেরকে স্বাস্থ্য বিধি মেনে/পিপিই পরিধান করে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

**সিদ্ধান্ত** ঃ সমগ্র বিশ্বে মহামারী কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে মেডিকেল টিমের কার্যক্রম সর্বদা পরিচালনা রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া করোনা ভাইরাস সংক্রমক প্রতিরোধে জনসাধারণকে বিভিন্ন ভাবে আরো সচেতন করে তুলতে হবে । কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন পরিস্থিতিতে উপজেলা কমপ্লেক্সে আগত রোগীদের সামাজিক দুরত্ব/স্বাস্থ্য বিধি মেনে চিকিৎসা প্রদান করতে হবে এ বিষয়ে কোন প্রকার গাফিলতি করা যাবেনা।

০২। জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষে দায়িত্বরত ডাক্তার সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতিসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য এবং এ বিষয়ে যদি কোন গাফিলতি পাওয়া যায় তবে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন** ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল।

**কৃষি বিভাগ** ঃ উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকল একমত পোষণ করেন। উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর সভায় জানান যে,সাম্প্রতিক বন্যায় বাদাঘাট, বড়দল উত্তর ইউনিয়নে আউশ ধানের ক্ষতি হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,তাহিরপুর সভায় অবহিত করেন যে, তাহিরপুর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়ন/ওর্যাড ভিত্তিক যে সকল খুচরা সার ডিলারর রয়েছে তাদের তালিকা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করার জন্য, উপজেলা কৃষি অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকল একমত পোষণ করে উপজেলা কৃষি অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয় যে, মাঠ পর্যায়ে বর্তমান মৌসুমে সংশ্লিষ্ট কৃষকদেরকে নিয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সঠিকভাকে ফসল রোপন/ কর্তনের জন্য সংশ্লিষ্ট কার্যক্রম বিধি বিধান অনুসরণ করে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

০২। আলোচনান্তে তাহিরপুর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়ন/ওর্য়াড ভিত্তিক যে সকল খুচরা সার ডিলারর রয়েছে তাদের নামের তালিকা চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করার জন্য, উপজেলা কৃষি অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন** ঃ উপজেলা কৃষি অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ। ।

**প্রাণি সম্পদ বিভাগ** ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যাহত হচ্ছে। তিনি জনান যে, প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে এবং মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। তাছাড়া প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী করে তোলা হচ্ছে। খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে।

**সিদ্ধান্ত** ঃ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য এবং জনবল সংকট নিরসনে উর্ধ্বতন কৃর্তপক্ষকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার , তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**মৎস্য বিভাগ** ঃ উপজেলা মৎস্য অফিসার, প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চেয়ারম্যান তাহিরপুর সদর সভায় অবহিত করেন যে, জেলেরা হাওরে কারেন্টের জাল দিয়ে পোনা মাছ না ধরতে পারে, সে জন্য বিভিন্ন বাজারে বাজারে মৎস্য আইন ২০০৯ সংরক্ষণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা মৎস্য অফিসার. তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ আলোচনান্তে যারা কারেন্টের জাল ব্যবহার করে পোনা মাছ ধরে তাদেরকে মৎস্য আইন ২০০৯ সংরক্ষণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে উপজেলা মৎস্য অফিসার. তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা মৎস্য অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

**শিক্ষা বিভাগ** ঃ উপজেলা শিক্ষা অফিসার,তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে প্রাথমিক সকল শিক্ষা প্রতিষ্ঠান সরকারি ভাবে বন্ধ থাকার ফলে সংসদ টিভিতে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা অংশ গ্রহণ করছে। বর্তমান পরিস্থিতিতে সরকারি ছুটি থাকা কালীন অবস্থায় নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ কভিড-১৯ ,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর নিজ কর্মস্থলে থাকার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমক প্রতিরোধে প্রাথমিক সকল শিক্ষা প্রতিষ্ঠান সরকারি ভাবে বন্ধ থাকার ফলে সংসদ টিভিতে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা অংশ গ্রহণ করছে।

**বাস্তবায়নে** ঃ উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**প্রকৌশলী বিভাগ** ঃ উপজেলা প্রকৌশলী এলজিইডি, প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় অবহিত করেন উপজেলা পরিষদের আওতাধীন বাসা বাড়ি খাত /রাজস্ব তহবিল হতে ২০২০-২০২১ অর্থ বছরের চম্পা বিল্ডিং এর ২য় তলার ইউনিট বসবাস অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার ও মেরামত করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে এ বিষয়ে একটি প্রাক্কলন তৈরী করার জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়। উপজেলা পরিষদের আওতাধীন ডরমেটরীর ছাদে পেটেনস্টোন ঢালাই এবং ফ্লাড শেল্টারের টিনের চাল সংস্কার ও মেরামত বাবদ প্রকল্প কমিটির মাধ্যমে ১,৬০,০০০/-(এক লক্ষ ষাট হাজার) টাকায় বাস্তবায়ন করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ আলোচনান্তে উপজেলা উপজেলা পরিষদের আওতাধীন বাসা বাড়ি খাত /রাজস্ব তহবিল হতে ২০২০-২০২১ অর্থ বছরের চম্পা বিল্ডিং এর ২য় তলার ইউনিট বসবাস অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে প্রকল্প কমিটির মমাধ্যমে সংস্কার ও মেরামত করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে এ বিষয়ে একটি প্রাক্কলন তৈরী করার জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

০২। উপজেলা পরিষদের আওতাধীন ডরমেটরীর ছাদে পেটেনস্টোন ঢালাই এবং ফ্লাড শেল্টারের টিনের চাল সংস্কার ও মেরামত বাবদ প্রকল্প কমিটির মাধ্যমে ৮১,৬০,০০০/-(এক লক্ষ ষাট হাজার) টাকায় বাস্তবায়ন করা হয়। এ বিষয়ে সভায় প্রয়োজনীয় ব্যস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

াস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল।

রিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি জানান জুন/২০মাসের মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৩৬,৯৬৪ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর ২৮৮১২ জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী হার ৭৬.৯৪%। খাবার বড়ি-২৭৫ জন,কন্ডম-৭৪ জন, ইনজেকশন-১১৭ জন,আইউও-০৬ জন ইপ্রল্কাট-৬৪ জন এবং স্থায়ী পদ্ধতি পুরুষ-০৫ জন, মহিলা-২৫ জন উপকারভোগী রয়েছে। তাছাড়া সভাপতি সভায় অবহিত করেন যে, মাঠ পর্যায়ে যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে সে সকল কেন্দ্রে নিয়মিত মনিটরিং করার জন্য এবং স্থায়ী পদ্ধতির বিষয়ে মাঠ পর্যায়ে জন সাধারণকে আরও উৎসাহী করে তুলতে হবে। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ বিষয়ে জনসমাগম সচেতনতা বৃদ্ধি করতে হবে। স্বাস্থ্য বিধি মেনে স্বাস্থ্য সেবা নিশ্চত করতে হবে।

**সিদ্ধান্ত** ঃ জনসংখ্যা হ্রাসের লক্ষ্যে প্রয়োজনীয় জন্ম বিরতিকরণসহ আরও অন্যান্য স্থায়ী পদ্ধতি ব্যবহারের জন্য মাঠ পর্যায়ে কাজ করতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাহিরপুরকে অনুরোধ করা হয়।

০২। অত্র উপজেলার যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে সে সকল কেন্দ্র নিয়মিত দর্শন/ পরিদর্শন করে সংশ্লিষ্ট কার্যালয়ে তার প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য পরিবার পরিকল্পনা, অফিসার তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হল।

**বাস্তবায়নে** ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ।

**সমাজসেবা বিভাগ** ঃ উপজেলা সমাজসেবা অফিসার প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। সভায় আলোচনা করা হয় যে, বয়স্ক ভাতা , বিধবা ভাতা তাছাড়া অন্যান্য ভাতা ভোগীদেরকে কোন প্রকার হয়রানী করা যাবেনা সঠিক সময়ে তাদের ভাতা বিতরণ করতে হবে। ভাতা বিতরণে যদি কোন প্রকার গাফিলতি পাওয়া যায় তবে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত** ঃ দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

০২। বিভিন্ন ভাতা ভোগীদেরকে কোন প্রকার হয়রানী করা যাবেনা সঠিক সময়ে তাদের ভাতা বিতরণ করতে হবে যদি এ বিষয়ে কোন প্রকার গাফিলতি পাওয়া যায় তবে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মাসিক প্রতিবেদন চেয়ারম্যান,উপজেলা পরিষদ, তাহিরপুর ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর এবং সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলেও এ যাবত কোন প্রকার তথ্য পাওয়া যায়নি। তাতে সভাপতি অসন্তোষ্ট প্রকাশ করেন। পুনরায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে** ঃ সমাজসেবা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ ।

**মাধ্যমিক শিক্ষা বিভাগ** ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর সভায় অবহিত করেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে স্বাস্থ্য বিধি মেনে অফিস করা এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমক প্রতিরোধে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করা এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন** ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভার জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করাএবং স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ আলোচনান্তে স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম করার জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন** ঃ উপজেলা সমবায় অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

**যুব উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। যুব ঋণ কার্যক্রম চলমান রয়েছে। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ আলোচনান্তে এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ দায়িত্ব পালনে সুষ্ঠভাবে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকল ও উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। ঋণ কার্যক্রম আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে সহযোগিতা

...ার জন্য অনুরোধ করেন। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা সমবায় অফিসার, ...হিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ।

**জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় অবহিত করেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য ,তাহিরপুরকে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ।

**প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের মধ্যে বিতরণের জন্য ১৫৫ পিস এবং দরিদ্র অসহায় জনগণনের জন্য ২৫০ পিস মাস্ক উপ-বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত উপ-বরাদ্দকৃত মাস্ক যথাযথ ভাবে বিতরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করার জন্য এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের মধ্যে ১৫৫ পিস এবং দরিদ্র অসহায় জনগণনের জন্য ২৫০ পিস মাস্ক উপ-বরাদ্দ বিতরণ মাস্টার রোল যথাযথ ভাবে সংরক্ষণ রাখার জন্য এবং সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়সন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৪-**পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরকে,সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সরকারের নির্দেশনা মতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা এবং নিজ কর্মস্থলে থাকার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

**মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর, সভায় অবহিত করেন যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ভিজিডি, ডিও ছাড় করা হয়েছে এবং জিপি-২ অন লাইনে ব্যাংক এশিয়ার মাধ্যমে মাতৃত্বকালীন উপকার ভোগিদের ভাতা প্রদান করা হয় তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভবিক ভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনা করা এবং মাতৃত্বকালীন উপকার ভোগিদের ভাতা প্রদানের বিষয়ে ভাতা ভোগিদের মেডিক্যাল ফিটনেস যাচাই বাছাই করে তালিকায় অন্তর্ভুক্তি করণের জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। এ বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ

**আনসার ভিডিপি বিভাগ ঃ** উপজেলা আনসার ভিডিপি অফিসার, ভারপ্রাপ্ত, তাহিরপুর সভায় অবহিত করেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা আনসার ভিডিপি অফিসার, ভারপ্রাপ্ত তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা আনসার ভিডিপি অফিসার, ভারপ্রাপ্ত, তাহিরপুরকে সঠিক ভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য এবং কভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা আনসার ভিডিপি অফিসার ( ভারপ্রাপ্ত), তাহিরপুর, সুনামগঞ্জ।

**আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ** উপজেলরা আমার বাড়ি, আমার খামার প্রকল্প অফিসার তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলমান অর্থ বছরে আমার বাড়ি আমার ঘর প্রকল্পে সমিতি গঠনের নির্দেশনামতে গঠন করা হবে। তাছাড়া চলমান সমিতির সংশ্লিষ্ট কার্যক্রমের বিষয়ে সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান এবং ইউপি সদস্যদেরকে অনুরোধ করেন। তাছাড়া কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা আমার বাড়ি আমার খামার প্রকল্প অফিসার, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ চলমান অর্থ বছরে সমিতি গঠন করার নির্দেশনা মতে বাস্তাবায়ন করার এবং সমিতির সংশ্লিষ্ট কার্যক্রমের বিষয়ে সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান এবং মেম্বারদেরকে অনুরোধ করা । তাছাড়া কভিড-১৯ ,করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে নিজ কর্মস্থলে থাকার জন্য উপজেলা আমার বাড়ি আমার খামার প্রকল্প অফিসার, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আমার বাড়ি আমার খামার প্রকল্প অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

বিবিধ ঃ ০১) কভিড-১৯,সমগ্র বিশ্বে মহামারী করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় সকলকে অবহিত করেন যে, জনসমাগম বন্ধ রাখতে হবে সরকারি আদেশ নির্দেশ মেনে দোকানপাট খোলা রাখতে হবে তাছাড়া জরুরী প্রয়োজন ব্যতিত ঘর হতে বাহির না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। জনসাধারনগণকে সেবা দেওয়ার নিশ্চিত কল্পে ঔষধের দোকান খোলা রাখতে হবে এবং বাহির হলে মাস্ক ব্যবহার করতে হবে। বিভিন্ন বাজারে ও রাস্তঘাটে প্রয়োজন ব্যতিত জনসমাগম চলাচল বন্ধ রাখতে হবে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি রাখার জন্য সভায় অবহিত করেন । তাছাড়া অত্র উপজেলা করোনা রোগীর কোন প্রকার উপসর্গ দেখা দিলে বা বিদেশ হতে আগত লোকজনের কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষনিক উপজেলা প্রশাসন ও অফিসার ইনর্চাজ,তাহিরপুর থানাকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ কভিড-১৯,সমগ্র বিশ্বে মহামারী করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে জনসমাগম বন্ধ রাখতে হবে সরকারি আদেশ নির্দেশ মেনে দোকানপাট খোলা রাখতে হবে । তাছাড়া জরুরী প্রয়োজন ব্যতিত ঘর হতে বাহির না হওয়ার জন্য বাহির হলে মাস্ক ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

২। বিভিন্ন বাজারে ও রাস্তঘাটে প্রয়োজন ব্যতিত জনসমাগম চলাচল বন্ধ রাখতে হবে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি রাখতে হবে। তাছাড়া অত্র উপজেলা করোনা রোগীর কোন প্রকার উপসর্গ দেখা দিলে বা বিদেশ হতে আগত লোকজনের কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষনিক উপজেলা প্রশাসন ও অফিসার ইনর্চাজ তাহিরপুর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর, অফিসার ইনর্চাজ,তাহিরপুর থনা (সংশ্লিষ্ট সকল),সুনামগঞ্জ।

০২) সভায় আলোচনা করা হয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ ০৫ (জ) এ উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ সবোর্চ্চ ৩০,০০০/-( ত্রিশ হাজার) টাকা এবং অনুচ্ছেদ ০৫ (ঝ) এ আনুষাংঙ্গিক সর্বোচ্চ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। নির্দেশনার আলোকে ২০১৯-২০২০ অর্থ বছরের আপ্যায়ন ব্যয় বিল মে/২০২০ খ্রি. মাসে ৳২৮,৮০০( আটাশ হাজার আটশত) টাকা,জুন /২০২০ মাসে ৳২৯,০৪০/-(উনত্রিশ হাজার চল্লিশ) টাকা সর্বমোট ৳৫৭,৮৪০/-( সাতান্ন হাজার আটশত চল্লিশ) টাকা ব্যয় করা হয় । আনুষাংঙ্গিক ব্যয় বিল মে/২০২০ মাসে ৳৪,৯২৪/- (চার হাজার নয়শত চব্বিশ) টাকা, জুন/২০২০ মাসে ৳৪,৭৭৫ (চার হাজার সাশত পাচত্তর) টাকা ব্যয় করা হয়।

সিদ্ধান্ত ঃ উক্ত ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার আলোকে যথাযথ ভাবে ব্যয় করায় সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল।

৪) উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান যে, পাহাড়ী ঢলে অকাল বন্যায় বিভিন্ন ইউনিয়নে রাস্তাঘাট এবং ঘর বাড়ির মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হয়। যার ফলে লোকজন চলাচল এবং চারদিকে পানি নিমজ্জিত থাকায় /ঘরে পানি উঠার কারণে লোকজন গৃহবন্দি হওয়ায় উনুনে আগুন জ্বালাতে পারেননি। এ বিষয়ে তাৎক্ষনিক উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত,উপজেলা রাজস্ব তহবিল হতে বিভিন্ন পরিবারের মধ্যে ৳২,০০,০০০/-(দুই লক্ষ ) টাকার ত্রান বিতরণ করা হয়। যাহা ভূতাপেক্ষ ভাবে অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে জরুরী ভিত্তিতে উপজেলায় পাহাড়ী ঢলে অকাল বন্যায় বিভিন্ন ইউনিয়নে রাস্তাঘাট এবং ঘর বাড়ির মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হওয়ায়। এ বিষয়ে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত,উপজেলা রাজস্ব তহবিল হতে বিভন্ন পরিবারের মধ্যে ৳২,০০,০০০/-(দুই লক্ষ ) টাকার ত্রান বিতরণ করা হয়। যাহা ভূতাপেক্ষ ভাবে অনুমোদনের জন্য সভায় সকল সদস্য একমত পোষণ করেন।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ (সংশ্লিষ্ট সকল)।

০৫) জনাব মো ঃ আব্দুল কাইয়ুম মালি, জনাব মো ঃ মহিবুল ইসলাম, অফিস সহায়ক দৈনিক চুক্তি ভিত্তিক নিয়োগকৃত কর্মচারী, উপজেলা পরিষদ, তাহিপুর কর্তৃক আসন্ন ঈদুল আযহা উপলক্ষে উৎসব ভাতা পাওয়ার জন্য ১৫-০৭-২০২০ তারিখে একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে জনাব মো ঃ আব্দুল কাইয়ুম মালি, জনাব মহিবুল ইসলাম, অফিস সহায়ক দৈনিক চুক্তি ভিত্তিক নিয়োগকৃত কর্মচারী ,উপজেলা পরিষদ, তাহিরপুর কর্তৃক আসন্ন ঈদুল আযহা/২০২০ উপলেক্ষে উৎসব ভাতা পাওয়ার জন্য ১৫-০৭-২০২০ তারিখে একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় মহা বিশ্বে করোনা ভাইরাস সংক্রমন বাংলাদেশেও

এর প্রভাব বিস্তার করছে বিধায় মানবিক দিক বিবেচনা করে উপজেলা রাজস্ব তহবিল হতে ৮০০০/-(আট হাজার) টাকা করে আসন্ন ঈদুল আযহা/২০২০ উৎসব ভাতা দেওয়ার জন্য সভায় উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।

**বাস্তবায়নের ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর

০৬) উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় অবহিত করেন যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,তাহিরপুরএর মিতসুবিসি জিপ গাড়ি রেজি নং- সুনামগঞ্জ ঘ-১১-০০৩৫ এর তাৎক্ষনিক গাড়িটির ত্রুটি হওয়ার ফলে চলাচল উপযোগী করার লক্ষ্যে বিভিন্ন যন্ত্রপাতি/সংস্কার বাবদ মোট ৳৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দুটি ব্যয় ভাউচার বাবদ জনাব মো ঃ শুকুর আলী, গাড়ি চালক উপজেলা পরিষদ, তাহিরপুর ব্যয় বিল পরিশোধের জন্য আবেদন দাখিল করেরন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ,তাহিরপুরএর মিতসুবিসি জিপ গাড়ি রেজি নং- সুনামগঞ্জ ঘ-১১-০০৩৫ এর তাৎক্ষনিক গাড়িটির বিভিন্ন যন্ত্রপাতি/সংস্কার বাবদ মোট ৳৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দুটি ব্যয় ভাউচার নিয়ে সভায় আলোচনা করা হয় । আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় ব্যয় বিল পরিশোধের নিমিত্তে মোট ৳৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নের ঃ** উপজেলা নির্বাহী অফিসরা, তাহিরপুর, সুনামগঞ্জ।

২৬/৭/২০২০

(করুনা সিন্ধু চৌধূরী বাবুল)
চেয়ারম্যান
উপজেরা পরিষদ, তাহিরপুর,সুনামগঞ্জ
ও
সভাপতি উপজেলা পরিষদের নিয়মিত মাসিক সভা
তারিখ: ২৬ -০৭- ২০২০খ্রি.

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯. ৩৫৪ (৫০)

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয় সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১০।.....................................................................................................(জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল), সুনামগঞ্জ ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১১। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১২। উপজেলা..................................................কমর্কর্তা (সংশ্লিষ্ট সকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১৩।চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১৪। জনাব..................................................(সংশ্লিষ্ট সকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১৫। অফিস নথি/ মাস্টার ফাইল।

(পদ্মাসন সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ
Email:unotahirpur@mopa.gov.bd

সভাপতি: জনাব কামনা সিন্ধু চৌধুরী সবুজ
চেয়ারম্যান, জেলা পরিষদ লক্ষ্মীপুর

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব কামনা সিন্ধু চৌধুরী সবুজ | চেয়ারম্যান জেলা পরিষদ লক্ষ্মীপুর | |
| ০২ | জনাব [illegible] | জেলা নির্বাহী অফিসার লক্ষ্মীপুর | |
| ০৩ | জনাব রিয়াজ উদ্দিন | উপজেলা ভাইস চেয়ারম্যান | |
| ০৪ | জনাব খালেদা আক্তার | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | [illegible] |
| ৫ | জনাব, আবুল কাশেম | চেয়ারম্যান [illegible] ইউনিয়ন | |
| ৬ | জনাব, মোঃ [illegible] | চেয়ারম্যান [illegible] ইউনিয়ন | |
| ৭ | জনাব, আজাহার আলী | চেয়ারম্যান [illegible] দক্ষিণ | |
| ৮ | জনাব, আবদুল [illegible] | চেয়ারম্যান [illegible] | |

সভার তারিখ: ২৮/০৯/2020 সময়: [illegible]
" স্থান- উপজেলা সম্মেলন কক্ষ।

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | ডাঃ ইকবাল হোসেন | UH&FPO | [signature] |
| ১১ | মোঃ হাসান-উদ-দৌলা | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ১২ | মোশারফ হোসেন | উপজেলা মৎস্য অফিসার | [signature] |
| ১৩ | লাল আমিন | SAE DPHE | Alamin |
| ১৪ | সৈয়দ আব্দুল ওয়াহেদ | UEO | [signature] |
| ১৫ | শহিদুল ইসলাম | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভা:প্রা:) | [signature] |
| ১৬ | নাজমুল হক | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৭ | ডাঃ উত্তম কুমার সরকার | উপজেলা প্রাণিসম্পদ [illegible] | [signature] |

| ক্রঃনং | নাম | কার্যালয় | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১৯ | মোঃ মিজানুর রহমান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ২০ | মোঃ [illegible] রহমান | উপজেলা প্রাথমিক শিক্ষা [illegible] অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ২১ | [illegible] | সংরক্ষিত আসনের সদস্য তাহিরপুর সুনামগঞ্জ | [signature] |
| ২২ | মুক্তা [illegible] | ঐ | [signature] |
| ২৩ | শ্রী [illegible] | উপজেলা [illegible] অফিসার | [signature] |
| ২৪ | মোঃ [illegible] রহমান | [illegible] | [signature] |